# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৩১৭ | তারিখ ঃ ২২/০২/২০২৪ খ্রি.

**মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ-**

সভার নম্বর ঃ ৩৯ (উনচল্লিশ)

সভাপতি ঃ জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা

তারিখ ঃ ২২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

বার ঃ রোজ বৃহস্পতিবার

সময় ঃ ১১.০০ ঘটিকা

সভার স্থান ঃ মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১২। জনাব উজ্জ্বল হোসেন, কাউন্সিলর, ০৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে পূর্ববর্তী ৩৮ তম সভার কার্যবিবরণী উপস্থাপন পূর্বক পরবর্তী সভার আলোচ্য সূচী উপস্থানের অনুরোধ জানান।

আলোচ্য সূচি-০১ ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

আলোচনা ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ২৮/০১/২০২৪ খ্রি. তারিখের ৩৮তম সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে

মোঃ রমজান আলী
মেয়র

শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়। পঠিত কার্য বিবরণীর আলোচ্য সূচির- ৪নং অনুচ্ছেদে রাজস্ব খাতে ০১নং ক্রমিক হতে ৪৮নং ক্রমিক পর্যন্ত সর্বমোট ৪৮(আটচল্লিশ) টি প্রকল্প রাজস্ব তহবিলের অর্থের সংস্থান সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত সহ আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরে সমন্বয়ের সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। রাজস্ব খাতে গৃহিত প্রকল্প সমূহের মধ্যে ক্রমিক নং- ৪ ও ক্রমিক নং- ২২-এ একই প্রকল্প ও প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত সমপরিমান টাকা ভুল বশতঃ দুইবার লিপিবদ্ধ হয়েছে এবং ৩৮ ও ৩৯ নং ক্রমিকে একই প্রকল্প দুইবার লিপিবদ্ধ হয়েছে। উপরোক্ত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ৩৮তম সভার কার্যবিবরণীর গৃহিত রাজস্ব খাতের প্রকল্প সমূহের মধ্যে একই প্রকল্প ভুল বশতঃ দুইবার লিপিবদ্ধ হওয়ার কারণে ক্রমিক নং- ৪ এর প্রকল্পটি ঠিক রেখে ক্রমিক নং ২২ এর প্রকল্পটি বাদ দেওয়ার এবং ৩৯ নং ক্রমিকের প্রকল্পের প্রাক্কলিত অর্থ ৯২,০০০.০০ (বিরানব্বই হাজার) টাকা ঠিক রেখে প্রকল্পের নাম আন্ধারমানিক মেইন রোড হতে দক্ষিণে জিতেন বিশ্বাস এর বাড়ী হয়ে নেছার নগর পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজের পরিবর্তে প্রকল্পের নাম সাবেক কমিশনার নূরনবীর বাড়ী হতে দক্ষিণে জামিরের বাড়ী পর্যন্ত সড়ক বাতি স্থাপন কাজ লিপিবদ্ধ করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো এবং আর কোন পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী ৩৮তম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-০২ ঃ <u>রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ঃ</u>

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভার "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) প্রকল্প চলমান থাকার কারনে রাজস্ব আয় অগ্রাধিকার ভিত্তিতে বৃদ্ধি করার জন্য নির্দেশনা রয়েছে এবং কমপক্ষে ৮০% আয় নিশ্চিত করার জন্য বলা হয়েছে। বিষয়টি সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর রাজস্ব আদায়ের স্বার্থে পৌরকর, দোকান ভাড়াসহ যে সমস্ত খাতে বকেয়া রয়েছে এবং যে সমস্ত খাতে পৌরকর আদায়ের সম্ভাবনা রয়েছে। সেই সকল নতুন নতুন খাত উদঘাটন করে ট্যাক্স আদায় সহ সকল প্রকার ইউটিলিটি সেবা প্রদানের পূর্বে পৌর কর আদায় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৩ ঃ <u>মাসিক হিসাব বিবরণী আলোচনা ঃ-</u>

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানুয়ারি/২০২৪ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৩,৬৬,৪৩,২৫৭.৫৭ ( তিন কোটি ছয়ষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার দুইশত সাতান্ন টাকা সাতান্ন পয়সা) ও ব্যয় হয়েছে ১,২৯,১৭,১৬১.০০ (এক কোটি উনত্রিশ লক্ষ সতেরো হাজার একশত একষট্টি টাকা) টাকা মাত্র । সমাপনী জের- ২,৩৭,২৬,০৯৬.৫৭ (দুই কোটি সাইত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার ছিয়ানব্বই টাকা সাতান্ন পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় জানুয়ারি/২০২৪ মাসে রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৫০,৪৯,৭৫১.৫৫ (পঞ্চাশ লক্ষ উনপঞ্চাশ হাজার সাতশত একপঞ্চাশ টাকা পঞ্চান্ন পয়সা ) ও ব্যয় হয়েছে ২৯,৫০,৬৪১.০০ ( উনত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত একচল্লিশ ) টাকা মাত্র। সমাপনী জের- ২০,৯৯,১১০.৫৫ ( বিশ লক্ষ নিরানব্বই হাজার একশত দশ) টাকা মাত্র। উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

আলোচনা হয়। আলোচনায় পৌর নির্বাহী কর্মকর্তা বলেন, আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত জানুয়ারি /২০২৪ মাসের হিসাব বিবরণী সমূহ অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৪ ঃ জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ-

আলোচনা ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য ইতোপূর্বে বারবার তাগিদপত্র সহ নির্দেশনা প্রদান করা হয়েছে। জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধনের টার্গেট নির্ণয় করে দেওয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক শিশু জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা আরো বৃদ্ধি করা হয়েছে। তিনি আরো বলেন যে, ২০০৪ সনের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাক্স ফোর্স কমিটি গঠণ সহ টাক্স ফোর্স কমিটির দায়িত্ব প্রদান করা হয়েছে। এসডিজি বাস্তবায়েনে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মুত্যু নিবন্ধন টাক্স ফোর্স গঠণ ও টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মুত্যু নিবন্ধন টাক্স ফোর্স কমিটি গঠণ ও টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণের পদক্ষেপ গ্রহণ সহ জন্ম নিবন্ধন বিষয়ে আরো সচেতন হওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং কাউন্সিলরবৃন্দকে বিভিন্ন উঠান বৈঠক ও বিভিন্ন সভা সমূহে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার বিষয়ে সর্বসাধারণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৫ ঃ ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা ঃ-

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, বিগত বছরে ডেঙ্গু প্রাদূর্ভাব ব্যাপক আকারে ধারণ করেছিল। বর্তমানে ডেঙ্গু প্রাদূর্ভাব কমেছে কিন্তু শেষ হয়ে যায়নি। এখনও বিভিন্ন জায়গায় ডেঙ্গু রোগ চিহ্নিত হচ্ছে ও ডেঙ্গু রোগের প্রসার হচ্ছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে ২০২৪ ইং সনে কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে। উল্লেখিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সকল কাউন্সিলর-বৃন্দদেরকে রাস্তা ও রাস্তার পাশের ড্রেন সহ ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্নতা করা এবং নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সজাগ থাকার আহবান জানান এবং ডেঙ্গু নিয়ন্ত্রণ কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। ডেঙ্গু নিয়ন্ত্রণে উপস্থাপিত কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে তৈরীকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী জনসচেতনতা তৈরীর লক্ষে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং ডেঙ্গু নিয়ন্ত্রন কর্মপরিকল্পনা অনুমোদন দেওয়ার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৬ ঃ জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনা ঃ-

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, জেলা উন্নয়ন সমন্বয় ও আইন শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্ন লিখত বিষয়ে পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত হয়েছে ঃ-

(১) বেউথা আন্ধারমানিক রাস্তার কাজ দ্রুত শেষ করতে বলা হয়েছে।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

(২) পৌরসভার সকল বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করতে বলা হয়েছে।

(৩) মানিকগঞ্জ পৌরসভার মাঝ দিয়ে প্রবাহিত খালের সৌন্দর্য্য বর্ধনের কাজ দ্রুত শেষ করতে বলা হয়েছে।

(৪) পরিবেশ রক্ষার্থে স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড স্থাপনের দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে।

(৫) মানিকগঞ্জ বাসষ্ট্যান্ড হতে বেউথা পর্যন্ত রাস্তার ডিভাইডারের মাঝে আলোক সজ্জার লাইট চালু করতে বলা হয়েছে।

(৬) মানিকগঞ্জ শহরে ভাষমান দোকান সমূহ অপসারণের কথা বলা হয়েছে।

(৭) মুক্তিযুদ্ধের ভাষ্কর্য অদম্য ৭১ এর চার পাশে অবৈধ দোকান পাট উচ্ছেদ সহ সৌন্দর্য্য বর্ধনের নির্দেশনা দেওয়া হয়েছে।

উল্লেখিত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্টিত হয়। কাউন্সিলরগণ জরুরী ভিত্তিতে উত্থাপিত সিদ্ধান্ত সমূহ পৌরসভা কর্তৃক সমাধান পূর্বক প্রয়োজনীয় ব্যবস্তা গ্রহনের জন্য আলোচনা করা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হলো ঃ

(১) বেউথা আন্ধারমানিক রাস্তার সংশ্লিষ্ট ঠিকাদারকে দ্রুত কাজ শেষ করার তাগিদ দেওয়া হয়েছে।

(২) পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল আর্থিক স্বচ্ছলতা সাপেক্ষে পর্যায়ক্রমে পরিশোধ করা হবে।

(৩) মানিকগঞ্জ পৌরসভার শহরের মাঝ দিয়ে প্রবাহিত খালের সৌন্দর্য্য বর্ধনের কাজ দ্রুত শেষ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক উন্নয়ন ও জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশনা ও সরেজমিনে পরিদর্শন পূর্বক দ্রুত বাস্তবায়নের ঠিকাদারকে তাগিদ দেওয়া হয়েছে।

(৪) ডাম্পিং গ্রাউন্ড স্থাপনের জন্য ইতোমধ্যে ১৪.৭৫ একর ক্রয় করা হয়েছে। আরো ৭.০০ শতাংশ জায়গা ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে।

(৫) মানিকগঞ্জ বাসস্ট্যান্ড হতে বেউথা পর্যন্ত ডিভাইডারের মাঝে আলোকসজ্জা কাজের ঠিকাদারকে তাগিদপত্র প্রদান করা হয়েছে।

(৬) শহরের ভাসমান দোকান সমূহ উচ্ছেদের বিষয়ে ইতোমধ্যে মোবাইল কোর্টের মাধ্যমে উচ্ছেদের ব্যবস্থা গ্রহনে করা হয়েছে এবং উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রয়েছে।

(৭) মানিকগঞ্জ বাসস্ট্যান্ডে অবস্থিত মুক্তিযোদ্ধের ভাষ্কর্য অদম্য ৭১ এর চারপাশ থেকে অবৈধ দোকানপাট উচ্ছেদ করা হয়েছে এবং ভাষ্কর্য সহ চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে।

<u>আলোচ্য সূচি-৭</u> ঃ **<u>মানিকগঞ্জ পৌর এলাকার অভ্যন্তরে রিক্সা/ভ্যান গাড়ি সমূহে লাইসেন্স প্রদানে রিক্সা/ ভ্যান গাড়ির মালিক/ চালকদের সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত মতবিনিময় সভায় ব্যয়কৃত অর্থ কার্যত্তোর অনুমোদন আলোচনা ঃ-</u>**

<u>আলোচনা</u> ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, গত ২৩ ফেব্রুয়ারি/২০২৪ রোজ শুক্রবার পৌর এলাকায় চলাচলরত অটোরিক্সার মালিক ও চালকদের সচেতনতা বৃদ্ধির লক্ষে বেগম জরিনা কলেজ মাঠ প্রাঙ্গনে মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় মেয়র, মানিকগঞ্জ পৌরসভার মৌখিক নির্দেশনা মোতাবেক ব্যানার, প্যান্ডেল নির্মাণ ও উপস্থিত সকলকে আপ্যায়ন করা হয়। উল্লেখিত কাজের বিভিন্ন খরচ বাবদ সর্বমোট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা খরচ হয়। যাহা কার্যোত্তর অনুমোদন দেওয়া প্রয়োজন। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌর এলাকার অভ্যন্তরে রিক্সা/ভ্যান গাড়ি সমূহে লাইসেন্স প্রদানে রিক্সা/ ভ্যান গাড়ির মালিক/ চালকদের সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত মতবিনিময় সভায় ব্যয়কৃত সর্বমোট

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকার বিল কার্যত্তোর অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-০২ ঃ আর্থিক অনুদান বিষয়ে আলোচনা ঃ**

**আলোচনা ঃ** পৌর নির্বাহী কর্মকর্তা বিভিন্ন অনুষ্ঠানের জন্য আর্থিক সহযোগিতা প্রাপ্তির জন্য ০৫ (চার) টি আবেদন পত্র সভায় উপস্থাপন করেন। আবেদন পত্র সমূহ ঃ- (১) একতা সমাজ, নয়াকান্দি এর প্রতিনিধি মোঃ জাহিদ হাসান স্বাক্ষরিত আবেদন পত্রটিতে "ওয়াজ মাহফিল-২০২৪ খ্রি." এর জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন। (২) পশ্চিম দাশড়া যুব সমাজ এর সভাপতি জনাব মোঃ রাশেদুল ইসলাম (রিপন) স্বাক্ষরিত আবেদন পত্রে ওয়াজ মাহফিলের জন্য মেয়র বরাবরে আর্থিক অনুদান চেয়েছেন। (৩) মিফতাহুল উলুম হাফিজিয়া কওমিয়া মাদ্রাসা ও এতিমখানা বেউথা,মানিকগঞ্জ এর সভাপতি জাফর শেখ এর স্বাক্ষরিত একটি আবেদন পত্রে মেয়র বরাবের আর্থিক সহযোগিতা চেয়েছেন। (৪)বড়াই পাল পাড়া মন্দির, বরাই, মানিকগঞ্জ এর সভাপতি বিশ্বনাথ ঘোষ স্বাক্ষরিত আবেদন পত্রে মন্দির উন্নয়নের জন্য আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। (৫) জেলা শিল্পকলা একাডেমি, মানিকগঞ্জ এর নাট্য প্রশিক্ষক শাকিল আহমেদ সনেট স্বাক্ষরিত আবেদন পত্রে বনভোজনের জন্য আর্থিক সহায়তার প্রদানের জন্য আবেদন করেছেন। আবেদন পত্র সমূহের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) এর নির্দেশনা মোতাবেক বকেয়া বিদ্যুৎ বিল, বিএমডিএফ এর বকেয়া কিস্তি পরিশোধ না করলে এবং IUGIP প্রকল্পের ক্রায়টেরিয়া পুরণ না করতে পারলে প্রকল্প হতে কোন অর্থ ছাড় করবেনা। IUGIP প্রকল্প বাস্তবায়নের স্বার্থে রাজস্ব খাতের অর্থ যতদূর সম্ভব সাশ্রয়ী ভাবে চিন্তাভাবনা করে খরচ করতে হবে। উপরোক্ত প্রাপ্ত আবেদন পত্র সমূহ নিয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত উপস্থাপিত আর্থিক সহযোগিতার আবেদন পত্র সমূহের মধ্যে (১) একতা সমাজ, নয়াকান্দি এর প্রতিনিধি মোঃ জাহিদ হাসান স্বাক্ষরিত আবেদন পত্রটিতে "ওয়াজ মাহফিল-২০২৪ খ্রি." এর জন্য আর্থিক অনুদান হিসেবে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা। (২) পশ্চিম দাশড়া যুব সমাজ এর সভাপতি জনাব মোঃ রাশেদুল ইসলাম (রিপন) স্বাক্ষরিত আবেদন পত্রে ওয়াজ মাহফিলের জন্য আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা।(৩) মিফতাহুল উলুম হাফিজিয়া কওমিয়া মাদ্রাসা ও এতিমখানা বেউথা,মানিকগঞ্জ এর সভাপতি জাফর শেখ এর স্বাক্ষরিত আবেদন পত্রে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা (৪) বড়াই পাল পাড়া মন্দির, বরাই, মানিকগঞ্জ এর সভাপতি বিশ্বনাথ ঘোষ স্বাক্ষরিত আবেদন পত্রে মন্দির উন্নয়নের জন্য আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) (৫) জেলা শিল্পকলা একাডেমি, মানিকগঞ্জ এর নাট্য প্রশিক্ষক শাকিল আহমেদ সনেট স্বাক্ষরিত আবেদন পত্রে বনভোজনের জন্য আর্থিক অনুদান হিসেবে ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং উপরোক্ত আর্থিক অনুদানের টাকা পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

**বিবিধ-০২ ঃ বৈতরা হেনার বাড়ী হতে দুঃখীর বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত কাজের বিল প্রদান সংক্রান্ত আলোচনা ঃ**

**আলোচনা ঃ** পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব আ.ন.ম গিয়াস উদ্দিন সভাকে অবহিত করেন যে, বৈতরা হেনার বাড়ী হতে দুঃখীর বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত কাজের বিল চাহিয়া জনাব মোঃ হাবিবুর রহমান, সাং বৈতরা, মানিকগঞ্জ- একটি আবেদন পত্র দাখিল করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা মানিকগঞ্জ।

হয়। তিনি আরো বলেন, কাজটি পূর্বের পরিষদের সময়কালীন বাস্তবায়ন করা হয়েছে। আবেদন দাখিল করার পর কাজটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। কাজটি মেরামত কাজ সম্পন্ন করা হয়েছিল এবং আবেদন মোতাবেক সংশ্লিষ্ট কাজের নথি পর্যালোচনায় দেখা যায় তার বিল পাওনা রয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব খাতের আর্থিক সচ্ছলতা সাপেক্ষে আবেদনকারী সম্পাদিত কাজের বকেয়া বিল পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৩১৭ তারিখ ঃ ২২/০২/২০২৪ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-</u>

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ
০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ
০৪। জনাব..........................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা
০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব ...........................................পদবি...................শাখা...................মানিকগঞ্জ পৌরসভা
০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো
০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।